بسم الله الرحمن الرحيم

যুদ্ধের পাঠ্যসূচী ও গোরিলা যুদ্ধ

[যুদ্ধ শিল্পের আলোকে]

মূলঃ হিক্‌মাতুল্লাহ লোদী

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়বস্তু	পৃষ্ঠা
	যুদ্ধের ধারণা	৯
	যুদ্ধের সংজ্ঞা	১০
	যুদ্ধের পরিভাষাঃ	১১
	যুদ্ধের পক্ষ-বিপক্ষঃ	১১
	যুদ্ধে বন্ধু ও শত্রুদের পরিক্ষা করার মাপকাঠী মানদন্ডঃ	১২
	দ্বন্দ্ব বা মতানৈক্য বা মতবিরোধ	১৪
	দ্বন্দ্বের / মতানৈক্যর প্রকারভেদ	১৪
	কারণগত অর্থাৎ দ্বন্দ্ব বা মতবিরোধ অনুযায়ী যুদ্ধের প্রকারভেদ	১৫
	আদর্শিক দ্বন্দ্ব বা মতবিরোধ	১৬
	চিন্তাধারার প্রার্থক্য	১৮
	ব্যক্তিগত অভিরুচি	১৯
	প্রত্যক্ষ বা আমলী দ্বন্দ্ব	২০
	সামাজিক কর্মতৎপরতার প্রার্থক্যের পরিপ্রেক্ষিতে দ্বন্দ্ব	২১
	অর্থনৈতিক দ্বন্দ্ব	২২
	ভৌগলিক দ্বন্দ্ব	২৪
	শক্তি অর্জনের ব্যাপারে দ্বন্দ্ব	২৫
	আত্মরক্ষা ও নিরাপত্তা প্রতিষ্ঠার ব্যাপারে দ্বন্দ্ব	২৬
	প্রয়োজনীয় ব্যাখ্যা	২৬
	দ্বন্দ্বের দলীয় প্রকারভেদ	২৭
	ব্যক্তিগত দ্বন্দ্ব	২৮
	গোত্রীয় দ্বন্দ্ব	২৮
	জাতীয় বা ধর্মীয় দ্বন্দ্ব	২৯
	রাষ্ট্রীয় পর্যায়ের দ্বন্দ্ব	৩০
	সমস্যার সমাধান	৩১
	প্রয়োজনীয় ব্যাখ্যা	৩২

	যুদ্ধের সরঞ্জাম	৩৫
	ত্রাস বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধ	৩৮
	নিরাপত্তা বহনকারী যুদ্ধ	৩৮
	সমযোগ্যতা সম্পূর্ণ বিশিষ্ট যুদ্ধ	৩৮
	আক্বদাম বা পদক্ষেপ।	৩৯
	দিফা'আ বা আত্মরক্ষা	৩৯
	যুদ্ধের সরঞ্জাম এবং মাকসাদে জং বা যুদ্ধের উদ্দেশ্য ও লক্ষ্য	৪১
	যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের প্রদ্ধতির [ত্রাস, নিরাপত্তা এবং সমযোগ্যতার দিক দিয়ে]।	৪২
	যুদ্ধের সরঞ্জাম এবং ত্রাস বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধ	৪৩
	যুদ্ধের সরঞ্জাম এবং অগ্রনিরাপত্তাবাহী যুদ্ধ	৪৪
	যুদ্ধের সরঞ্জাম এবং সমবাদী যুদ্ধ	৪৫
	যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের ময়দান	৪৫
	যুদ্ধের সরঞ্জাম এবং দাওয়াতী ময়দান	৪৬
	যুদ্ধের সরঞ্জাম এবং রাজনৈতিক ময়দান	৪৮
	যুদ্ধের সরঞ্জাম এবং অর্থনৈতিক ময়দান	৪৯
	যুদ্ধের সরঞ্জাম এবং আসকারী ময়দান	৫০
	যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের কর্মতৎপরতাসমূহ	৫২
	তানযিমে হরব বা সংগঠিত যুদ্ধ পরিচিতি	৫৩
	যুদ্ধ বিন্যাস	৫৩
	আসকারী বা সশস্ত্র শক্তির পরিচয়	৫৫
	আসকারী শক্তির মৌলিক দক্ষতা	৫৬
	আক্রমণ বা আঘাত করার যোগ্যতা	৫৬
	অবস্থান পরিবর্তন করার যোগ্যতা	৫৮
	আত্মরক্ষার যোগ্যতা	৬০
	আসকারী শক্তির পরিমাপ বা ওজন	৬১
	সশস্ত্র শক্তির ওজন, পরিমাপ এবং ঘনত্বের মাঝে পারস্পরিক সম্পর্ক	৬২
	সশস্ত্র শক্তির প্রকাভেদ	৬৪
	কাবাইলী বা গোত্রীয় সেনাবাহিনী	৬৪
	শাহী সেনাবাহিনী বা রাজকীয় সেনাবাহিনী	৬৫

	উম্মাহর সেনাবাহিনী	৬৬
	জাতীয় সেনাবাহিনী	৬৮
	আন্তর্জাতিক সেনাবাহিনী	৬৯
	গোরিলা সৈন্য দল	৭১
	গোরিলা যুদ্ধ	৭৩
	আধুনিক যুগে গোরিলা যুদ্ধের ইতিহাস	৭৪
	গোরিলা যুদ্ধের পদ্ধতি	৭৯
	গোরিলা যুদ্ধের মূলনীতি	৮০
	গোরিলা যুদ্ধের স্তরসমূহ	৮১
	(কৌশলগত) পশ্চাদপসরণ করার পর্যায়	৮২
	সংগঠনকে নতুন করে গড়ে তুলার স্তর	৮২
	শক্তি অর্জনে শত্রুদের সমমানে আসার স্তর	৮৪
	শাসন ব্যবস্থাকে অকেজো করে ফেলার স্তর	৮৬
	রাজনৈতিক সংলাপের স্তর বা পর্যায়	৮৬
	অস্থায়ী অবস্থার স্তর	৮৬
	বিজয়ের স্তর	৮৭
	গোরিলা যুদ্ধের মৌলিক ইতিবৃত্ত	৮৮
	চিন্তাধারা	৮৮
	নেতাবৃন্দ	৮৯
	জনগণের সমর্থন	৮৯
	ভৌগলিক স্থান (নিরাপদ আশ্রয়স্থল)	৯০
	রাজনৈতিক সমর্থন	৯০
	গোরিলা যুদ্ধ এবং সমাজ	৯২
	গোরিলা যুদ্ধ এবং সমাজের বিভিন্ন দিক	৯২
	দেশ ও সমাজের ইতিহাস	৯৩
	সমাজের সকল স্তরের লোকজন এবং দলসমূহ	৯৪
	সমাজে পদমর্যাদার অধিকারী ব্যক্তিবর্গদের স্তর	৯৫
	সমাজের প্রভাবপ্রতিপত্তিশালী লোকদের স্তর	৯৬
	সমাজের প্রয়োজনীয় সামগ্রী প্রদানকারী লোকদের স্তর।	৯৬
	সমাজের বুদ্ধিজীবি ও চিন্তাশীল লোকদের স্তর	৯৭
	আল্লাহর নিকট ছওয়াবের আশা রেখে	৯৭

	আমলকারীদের দল	
	আল্লাহর নিকট ছওয়াবের আশা না রেখে আমলকারী লোকদের দল	৯৮
	মানব সমাজে উপস্থিত দলসমূহের সারসংক্ষেপ	৯৯
	দেশের শাসন ব্যবস্থা	১০০
	শাসন ব্যবস্থার মৌলিক অংশ	১০০
	শাসন ব্যবস্থা পরিচালনা পদ্ধতি	১০১
	এ শাসন ব্যবস্থার সহায়ক এবং হিফাযতকারী প্রতিষ্ঠান	১০২
	শাসন ব্যবস্থার রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠানঃ	১০২
	শাসন ব্যবস্থার অর্থনৈতিক প্রতিষ্ঠান	১০৩
	শাসন ব্যবস্থাকে শক্তি এবং সরঞ্জাম প্রদানকারী প্রতিষ্ঠান	১০৩
	গোরিলাদের যোগ্যতা	১০৪
	গোরিলা এবং সমাজের সাথে তাদের সম্পর্ক	১০৪
	সমাজে গোরিলাদের বন্ধু ও শত্রু	১০৬
	গোরিলা যুদ্ধ এবং দাওয়াতী শাখা	১০৭
	দাওয়াতের ধরন হিসাবে দাওয়াতের প্রকারভেদ	১০৭
	সাধারণ দাওয়াত	১০৮
	অসাধারণ বা বিশেষ দাওয়াত	১০৮
	পদক্ষেপ নেয়ার দিক দিয়ে দাওয়াতের প্রকারভেদ	১০৯
	আক্রদামী দাওয়াত	১০৯
	দিফায়ী দাওয়াত	১১০
	সমাজের স্তরের দিক দিয়ে দাওয়াতের প্রকারভেদ	১১০
	সমর্থক	১১১
	অচেতন সমর্থক	১১১
	পথভ্রষ্ট বিরোধী	১১২
	বিরোধী	১১৫
	গোরিলা যুদ্ধের ময়দান	১১৬

	গোরিলাদের নিরাপদ আশ্রয় স্থল	১১৮
	মুজাহিদীন এবং নিরাপদ আশ্রয় স্থলের সংরক্ষণ	১১৯
	নিরাপদ আশ্রয় স্থলের সামাজিক কাঠামো প্রতিষ্ঠা	১২০
	দাওয়াতী কাজের জন্য বিভিন্ন স্থর	১২০
	সমাজের গণ্যমান্য ব্যক্তিবগ	১২১
	শিক্ষাঙ্গনের ছাত্র এবং যুব সমাজ	১২১
	সমাজের সাধারণ লোক	১২১
	নিরাপদ আশ্রয় স্থলের রাজনৈতিক কাঠামো প্রতিষ্ঠা	১২২
	গোরিলা বিরোধ সরকারী কর্মসূচী নিম্নরূপ	১২৩
	উন্নতির প্রলোভন দেখিয়ে স্থানীয় লোকদের সমর্থন অর্জন	১২৩
	গোরিলাদের বিরুদ্ধে স্থানীয় লোকদের সম্বনয়ে শান্তি বাহিনী বা গোত্রীয় সেনাবাহিনী গঠন	১২৪
	গোয়েন্দা বিভাগের প্রতিষ্ঠা	১২৫
	শাসকদের রাজনৈতিক তৎপরতা বৃদ্ধি করার প্রচেষ্ট	১২৬
	গোরিলাদের বিরুদ্ধে সামরিক অভিযান	১২৬
	নিরাপদ আশ্রয় স্থলের সশস্ত্র কাঠামো প্রতিষ্ঠা	১২৭
	সরকারী সামরিক অভিযান চলাকালে গারিলাদের সশস্ত্র প্রস্তুতি	১২৮
	নিরাপদ আশ্রয় স্থলের ভিতরে সেনাবাহিনীর উপস্থিতিতে সামরিক অভিযান	১২৮
	নিরাপদ আশ্রয় স্থলে বাহির থেকে সেনাবাহিনীর আক্রমণ	১২৯
	গোরিলাদের যুদ্ধাভিযান ঘাঁটি	১২৯
	গোরিলা যুদ্ধাভিযানের এলাকা	১৩১
	গোরিলা যুদ্ধ এবং কার্যকর তৎপরতা	১৩৪
	গোরিলাদের অভিযান তৎপরতাসমূহ	১৩৪
	দাওয়াতী, প্রচার মাধ্যম এবং রাজনৈতিক তৎপরতার প্রকারভেদ	১৩৫
	সশস্ত্র অভিযান	১৩৫

	ব্যক্তিগত গোরিলা অভিযান	১৩৫
	গোরিলা সমষ্টিগত অভিযান	১৩৬
	অভিযান পরিকল্পণা	১৩৭
	পরিকল্পণার নিয়মনীতি	১৩৭

যুদ্ধের ধারণা

যখনই যুদ্ধের কথা বলা হয় তখনই চিন্তায়/মাথায় তীর, তলোয়ার, বন্দুক অথবা তোপের কথা মাথায় আসে। কিন্তু যুদ্ধের সংজ্ঞা ও পরিধি অত্যন্ত ব্যাপক। যুদ্ধ হচ্ছে একটা সাধারণ শব্দ। এর বিভিন্ন দিক রয়েছে। যুদ্ধ হচ্ছে দুই দলের মধ্যে অস্ত্র এবং অস্ত্রবিহীন দ্বন্দ্বে লিপ্ত হওয়া। যুদ্ধের একটি দিক হচ্ছে আধ্যাত্মিক যার জন্য মানুষ সবকিছু বিসর্জন দিতে তৈরি হয়ে যায়। মানুষের ধ্যান-ধারণা বা চিন্তাধারা কিংবাবা আদর্শ যতো বেশি মজবুত/ শক্তিশালী হবে ততো বেশি সে বিসর্জন দিতে প্রস্তুত হবে।যুদ্ধের আরেকটি দিক হচ্ছে আর্থিক যার জন্য মানুষ সকল প্রতিকূল আবহাওয়া ও কষ্ট-কাঠিন্ন পাড়ি দিতে প্রস্তুত হয়।যুদ্ধের মধ্যে চারিত্রিক, আইনগত, দাওয়াত, রাজনৈতিক এবং আরো অনেক দিক আছে। যুদ্ধের ধারণ সকল গোত্র, জাতি, দেশ এবং মাজহাবের মধ্যেও বিদ্যমান রয়েছে। প্রত্যেকেই তার নিজস্ব আদর্শ অনুযায়ী যুদ্ধের ধারণা ব্যক্ত করে থাকে। হিন্দু, ঈসায়ী, ইহুদী এবং নাস্তিকরা যুদ্ধের ক্ষেত্রে নিজস্ব আদর্শ বা চিন্তা-ধারা রাখে। কিন্তু ইসলাম ধর্মে যুদ্ধের ধারণা ব্যতিক্রম। জিহাদ ফি সাবিলিল্লাহ ব্যতিত সকল যুদ্ধের ধারণাকে ইসলাম দুনিয়াতে ফাসাদ সৃষ্টিকারী ও বাতিল বলে আখ্যায়িত করে থাকে। ইসলাম একজন মুজাহিদকে যুদ্ধের সকল দিক সম্পর্কে ধারণা দান সহ পথ-প্রদর্শন করে থাকে। মুসলমান ও কাফিরদের যুদ্ধের মধ্যে বুনিয়াদি পার্থক্য আছে। কাফেরদের যুদ্ধ আল্লাহ প্রদত্ত ওহীর দ্বারা নাজিল হয়নি বরং এটা মানবিক চিন্তা-ভাবনা, অভিজ্ঞতা, কুপ্রবৃত্তি এবং স্বার্থের জন্য হয়ে থাকে। ইসলামে যুদ্ধের ধারণা আল্লাহ প্রদত্ত। মুসলমান এই যুদ্ধকে এবাদত মনে করে প্রতিপালকের আনুগত্য ও তাঁর প্রদত্ত শিক্ষার আলোকে করে থাকে।

❖ যুদ্ধের সংজ্ঞা

যুদ্ধের সমস্ত দিকগুলোকে পরিবেষ্টনকারী সংজ্ঞা সম্পর্কে যুদ্ধের দক্ষ ব্যক্তিদের মধ্যে মতানৈক্য রয়েছে। মুজাহিদীনদের জন্য যুদ্ধের সংজ্ঞা সম্পর্কে একটা সমস্যা হচ্ছে

এই যে, প্রাশ্চাত্য ও ইসলামের মধ্যে এই সম্পর্কে অনেক পার্থক্য ও অনেক মতানৈক্য বিদ্যমান আছে। কিন্তু এই পার্থক্যকে আমরা ভ্রূক্ষেপ না করলেওযুদ্ধের সংজ্ঞা সম্পর্কে মতানৈক্যের দ্বিতীয় কারণএটাও বর্ণনা করা হয়যে, যুদ্ধের কোনো সংজ্ঞাই পরিপূর্ণভাবে যুদ্ধের সমস্ত দিকগুলো স্পষ্টভাবে প্রকাশ করে না।আজ পাশ্চাত্যের যুদ্ধ সংক্রান্ত পারদর্শীরা যুদ্ধের যে সংজ্ঞাকে সাধারণতঃ মেনে নিয়েছে তাকে যুদ্ধের প্রত্যক্ষ বা পরোক্ষ সংজ্ঞা বলা যেতে পারে। এরই পরিপ্রেক্ষিতে যুদ্ধের সংজ্ঞা নিম্নে প্রদত্ত হলোঃ**"যখন দুই বা ততোধিক দলের মধ্যে যুদ্ধের মাকসাদে উয্মা একে অপরের সাথে সাংঘর্ষিক হয় এবং কেউ কাউকে ছেড়ে দিতে রাজি হয় না তখন এক দ্বন্দ্বের সৃষ্টি হয়। এই দ্বন্দ্বের ফলে যদি দুই পক্ষ সশস্ত্র শক্তি প্রয়োগ করে তখন এই অবস্থাকে যুদ্ধ বলা হয়।"**

যুদ্ধের এই সংজ্ঞাকে প্রত্যক্ষসংজ্ঞা বলা হয়। এই সংজ্ঞার মধ্যে যেমনি কিছু ভালোর দিক আছে তেমনি এরমধ্যে কিছু মন্দের দিকও আছে। এই সংজ্ঞাকে প্রত্যক্ষ সংজ্ঞা বলার কারণ এই যে, এই সংজ্ঞাকে সামনে রাখলে যুদ্ধের প্রস্তুতি নিতে সহজ হয়। এই সংজ্ঞায় যুদ্ধের উভয় পক্ষের কথা উল্লেখ রয়েছে।

❖যুদ্ধের পরিভাষাঃ

যুদ্ধের সংজ্ঞা দ্বারা এই বক্তব্য স্পষ্ট হয়েছে যে, যুদ্ধের মধ্যে দুই দলের মাকাসিদে উজমার একে অপরের সাথে লড়াই হওয়াতে একে অপরের সাথে মতবিরোধ সৃষ্টি হয় যা পরবর্তীতে সশস্ত্র সংঘর্ষের রুপ নেয়।এই সংজ্ঞার দ্বারা কতিপয় যুদ্ধের পরিভাষা আমাদের সম্মুখে পরিস্ফুটিত হয়ে উঠে। সেই সাথে কিছু ধারণাও আমাদের সম্মুখে আসে যা বুঝা অত্যন্ত প্রয়োজন। এর গুরুত্ব নিম্নে আলোচনা করা হলো:

❖যুদ্ধের পক্ষ-বিপক্ষঃ

যুদ্ধের পরিস্থিতি তৈরির জন্য একের অধিক এমন দল বা গ্রুপ থাকা জরুরী যারা নিজেরা একে অপরের সাথে সংঘর্ষে লিপ্ত হবে।মানুষের এই দলগুলো ব্যক্তি, গোত্র, জাতি অথবা দেশ হতে পারে। এই পক্ষ-বিপক্ষ দুই ধরনের হতে পারে যথা আভ্যন্তরীণ এবং বর্হিগত। আভ্যন্তরীণ পক্ষ-বিপক্ষ একই সমাজের, একই জাতি থেকে সম্পর্ক থাকতে পারে। বর্হিগত পক্ষ-বিপক্ষ তারা যারা অন্য সমাজের বা জাতির লোক হয়ে থাকে। অনুরুপভাবে একটি যুদ্ধে অনেকগুলো দল থাকতে পারে যারা একে অপরের বন্ধু ও শত্রু হতে পারে। এই অবস্থাতে সন্ধি-চুক্তির সাক্ষর হতে পারে। সমস্ত কাজেকর্মে একে অপরের সাহায্য করে থাকে। এই জন্য যুদ্ধের ময়দানে বন্ধু ও শত্রু যাচাই বাছাই করার জন্য একটা মানদন্ড থাকা প্রয়োজন।

❖*যুদ্ধে বন্ধু ও শত্রুদের পরিক্ষা করার মাপকাঠী মানদন্ড*

যুদ্ধশিল্পের কলা-কৌশল অনুযায়ী যুদ্ধে বন্ধু ও শত্রুদের বেলায় সাধারণতঃ যে মাপকাঠি নির্ণয় করা হয়ে থাকে তা অত্যন্ত সহজ যা ইতিপূর্বেই বর্ণীত হয়েছে। যুদ্ধের আসল উদ্দেশ্য ও লক্ষ্য যাকে মাকাসিদে উজমা বলা হয় তা সফল করার পথে যদি কোনো বাধাবিঘ্ন এসে যায় তাকে দূর করা। এ যুদ্ধের বেলায় যে শক্তিগুলোকোনো এক যুদ্ধপক্ষের সাহায্যে আসে তাদেরকে বন্ধু বলা হয় এবং যারা এর পথে বাধা সৃষ্টি করে তাদেরকে শত্রু বলে আখ্যায়িত করা হয়। এ ব্যাপারে দু'টি প্রতিবদ্ধকতাও বিদ্যমান রয়েছে। প্রথমতঃ এই যে, কতিপয় ঘনিষ্ট বন্ধু এবং কট্টর শত্রুদের ছেড়ে সমাজের অবশিষ্টলোকদেরকে তাদেরদৃষ্টিভঙ্গির আলোকে বন্ধু ও শত্রু এবং নিরপেক্ষ লোকদের মধ্যে পার্থক্য করা সহজ নয়।দ্বিতীয়তঃ বন্ধু ও শত্রুদের মধ্যে পার্থক্যেরঅনুমতি কাকে দেয়া হবে।মুসলমান ব্যতিত বন্ধু ও শত্রুদের মধ্যে পার্থক্যের এই অনুমতিকখনো বাদশাহের কাছে,কখনো পার্লামেন্টের কাছে এবং কখনোধর্মীয় নেতাদের কাছে দেয়া হয়ে থাকে।এই শক্তিগুলো যাদেরকে বন্ধু বলে আখ্যায়িত করবে তারা বন্ধু এবং যাদেরকে শত্রুরূপে আখ্যায়িত করবে তারা দুশমন হিসাবে পরিগণিত হবে। কিন্তু একজন মুসলমানের জন্য জীবনের সকল ব্যাপারে

প্রকৃত ফয়সালা ইসলামী শরীয়াহ করবে। মুজাহিদীনদের জিহাদের মাকাসিদে উয্মাও শরীয়াহনির্ধারিত করে রেখেছে। বন্ধুত্ব ও শত্রুতার মাপকাঠিও "ওয়ালায়াহওয়া বারায়াহ" এর আক্বিদার পরিপেক্ষিতে ইসলামী শরীয়াহ নির্ধারণ করে দিয়েছে। অর্থাৎ একজন মসলমানেরবন্ধুত্ব ও শত্রুতা আল্লাহর জন্যই হয়ে থাকে।তারা এ বন্ধুত্ব ও শত্রুতার মাপকাঠিকোনো ব্যক্তিগত স্বার্থে, কোনো জাতিগত ভাবে, কোনো ভাষাগত ভাবে, কোনো দেশের স্বার্থে, কোনো গোত্রের স্বার্থে, কোনো দলের স্বার্থে, কোনো সংগঠনিক স্বার্থে অথবা কোনো অর্থনৈতিক স্বার্থে নির্ধারণ করে না। আমেরিকাতে মুসলমান হলে সে তার বন্ধু হবে এবং কাফের যদি তার নিজের রক্তের ভাইও হয় তবুও সে তার শত্রুই হবে।স্বভাবতঃ যখন কাফেরদের সাথেমুসলমানদেরযুদ্ধ শুরু হবে তখন তারা নিজেদের মতানৈক্য দূর করে তাদের বিরুদ্ধেসবাই বর্জমুষ্টি হয়ে দাড়াবে।অতএবযুদ্ধশিল্পের প্রবর্তীত অন্যান্য মাপকাঠি যুদ্ধচলাকালিন বন্ধু ও শত্রুদের নির্ণয়ের ব্যাপারে একজন মুসলিমের সহায়ক তো হতে পারে কিন্তু চুড়ান্ত ফয়সালা কখনো হতে পারে না। মুসলমানদের জন্য শরীয়াহই হবে প্রকৃত মাপকাঠি।

❖ *দ্বন্দ্ববা মতানৈক্য বা মতবিরোধ*

দু'দলের উচ্চতর লক্ষ্য-উদ্দেশ্য পরস্পরে সংঘর্ষিত হওয়াকে মতবিরোধ বা মতানৈক্য বলা হয়। যদি কোনো পক্ষ বা দল এই মতবিরোধকে দূরিভূত করতে এবং স্বীয় উদ্দেশ্যকে বিসর্জন দিতে প্রস্তুত না হয় তাহলে এমন পরিস্থিতিকে যুদ্ধ সম্পর্কিত অভিজ্ঞ ব্যক্তিরা মতানৈক্য হিসাবে আখ্যায়ীত করে। মতবিরোধ বা মতানৈক্য যুদ্ধের সূচনা মনে করা হয়। যুদ্ধের সৃষ্টি মতানৈক্য হতে শুরু হয় এই জন্য মতানৈক্য এবং তার বিভিন্ন শাখা-প্রশাখাকে বিস্তারিতভাবে বুঝার প্রয়োজন।

❖ *দ্বন্দ্বের / মতানৈক্যরপ্রকারভেদ*

মতানৈক্যর প্রকারভেদ বা মতানৈক্যর ধরণকে দুই ভাগে ভাগ করা যায়।

(১) কারণগত অর্থাৎ দ্বন্দ্ব বা মতবিরোধ অনুযায়ীযুদ্ধে প্রকারভেদ

(২) দলিয় অর্থাৎ পক্ষ বিপক্ষ অনুযায়ী যুদ্ধের প্রকারভেদ

অধিকাংশ সময় মতানৈক্যর এই দু'টি ধরণই একই সাথে মতবিরোধে উপস্থিত থাকে। নিম্নে মতানৈক্যর এই দু'টি দিকের বিস্তারিত আলোচনা করা হলো।

❖*কারণগত অর্থাৎ দ্বন্দ্ব বা মতবিরোধ অনুযায়ী যুদ্ধের প্রকারভেদ*

এর উদ্দেশ্য হলো সেই সকল কারণগুলোর প্রতি ইঙ্গিত করা যা প্রকৃতপক্ষে মতানৈক্যর কারণ হয়ে দাঁড়ায়। এই কারণগুলো নিম্নে বর্ণিত কারণ হতে পারে।

(১) আদর্শিক দ্বন্দ্ব
(২) চিন্তাধারার প্রার্থক্যের পরিপ্রেক্ষিতে দ্বন্দ্ব
(৩) ব্যক্তিগত অভিরুচির তারতম্যের কারনে দ্বন্দ্ব
(৪) প্রত্যক্ষ বা আমলী দ্বন্দ্ব
(৫) সামাজিক প্রার্থক্যের পরিপ্রেক্ষিতে দ্বন্দ্ব
(৬) অর্থনৈতিক
(৭) ভৌগলিক
(৮) শক্তি অর্জন করার ব্যাপার নিয়ে দ্বন্দ্ব
(৯) আত্মরক্ষা ও নিরাপত্তা প্রতিষ্ঠার ব্যাপারে

মতানৈক্যর কারণগুলো নিম্নে বিস্তারিতভাবে বর্ণনা করা হলো।

❖ *আদর্শিক দ্বন্দ্ব বা মতবিরোধ*

মানব সমাজে সব চাইতে বেশি দ্বন্দ্ব বা মতানৈক্য আদর্শিক কারণেই সৃষ্টি হয়ে থাকে। আদর্শিক দ্বন্দ্ব বা আক্বিদাগত মতবিরোধের বিভিন্ন দিক হতে পারে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যেমন হক বাতিলের দ্বন্দ্ব অর্থাৎ সত্য মিথ্যার লড়াই। আল-কোরআন এই মতানৈক্য বা দ্বন্দ্বকে [**تكوينى**] সুন্নত বলে আখ্যায়ীত করেছে যে,হক ও বাতিলের মাঝে লড়াই আগেও ছিলো এবং এখনো বলবৎ রয়েছে এবং সর্বদা তা বলবৎথাকবে, এটা চিরাচরিত নিয়ম। সত্যের প্রকৃতি [nature] হলো বাতিলকে হুমকি দেয়া, বাতিলের চিন্তাধারার মূলকে দলিলের মাধ্যমে খন্ডন এবং তার অর্থতৈিক মূল্যবোধকে শক্তি প্রয়োগের মাধ্যমে নস্যাৎ করার চেষ্টা করা। বাতিলের প্রকৃতিও তাই সে সত্যকে এবং সত্যের ধারক বাহকদের দুর্বলতম সত্তাকেও বিপদজনক মনে করে এবং সব ধরনের জুলুম ও অত্যাচারের মাধ্যমে সত্যকে ও সত্যবাদীদের কণ্ঠকে চেপে রাখার চেষ্টা করে। এভাবেই হক ও বাতিলের দ্বন্দ্ব উপস্থাপিত হয়ে থাকে। মুসলমানদের সাথে অন্যান্য বাতিল মতাদর্শের মতানৈক্যর মূলতঃ এটাই কারণ। এমনিভাবে আদর্শগত দ্বন্দ্ব দু'টি বাতিল মতবাদ ও বাতিল দ্বীনের মাঝেও হতে পারে যেখানে একটি বাতিল মতবাদ অন্য আরেকটি বাতিলমতবাতের অনুসারীদের প্রতি স্বীয় মতবাদ জোরপূর্বকচেপে দিতে চায়। অতএব এই দ্বন্দ্ব বা মতবিরোধ প্রকৃতগতভাবে ধর্মীয়ও হতে পারে এবং অধর্মীয় হতে পারে। ধর্মীয় আদর্শগত মতানৈক্যর উদাহরণ ইউরোপীয় ইতিহাসে ইহুদী ও খৃস্টানদের মাঝে প্রবর্তীত দ্বন্দ্ব বা মতানৈক্য এবং বিধর্মীয়দের মাঝে সৃষ্ট মতানৈক্যর উদাহরণ সমাজতন্ত্র ও পূঁজিবাদের মধ্যকার দ্বন্দ্ব। এই সমস্ত মতবিরোধ সাধারণতঃ বিধর্মীদের মধ্যেঐ সময় দেখা দেয় যখন সেই বিধর্মীয় মতবাদকে কোনো জাতি বা কোনো দল ধর্মের ন্যায় অনুসরণ করে। এ পর্যন্ত আমরা দু'টি বা দুইয়ের অধিক ধর্মের মধ্যকার দ্বন্দ্বের কথা উল্লেখ করেছি যাকে "বায়নাল মাযাহেব" অর্থাৎ ধর্মীয়

দ্বন্দ্ব বা মতানৈক্য বলা হয়। দ্বিতীয় ধরনে আদর্শিক দ্বন্দ্ব আভ্যন্তরিন ধর্মীয় দ্বন্দ্ব হিসাবে আখ্যায়ীত করা হয়। আভ্যন্তরিন ধর্মীয় দ্বন্দ্ব ইসলাম ছাড়া অন্যান্য ধর্মের মাঝে যুদ্ধের ভিত্তিও হয়ে ছিলো যেমন ইহুদী ও খৃস্টানদের বিভিন্ন দলের মধ্যকার দ্বন্দ্বসমূহই এর প্রমাণ।কিন্তু ইসলামে এমন হয়নি হাঁ ঐ সকল দলসমূহ ছাড়া যাদের সাথে দ্বীনের মৌলিক বিধি-বিধানে মতানৈক্য বেড়ে যাওয়ার কারণে দ্বীন অথবা আহলে সুন্নত ওয়াল জামায়াত হতে বহিস্কৃত হয়ে মুরতাদ, যাকাত প্রদানে অস্বীকারী, খারেজী এবং শিয়া সম্প্রদায়ের মাঝে হয়েছিলো।

জাতীয় রাষ্ট্রসমূহ (National States) প্রতিষ্ঠিত হওয়ার আগে (বায়নাল মাযাহেব) বিভিন্ন ধর্মের মাঝে আদর্শিক দ্বন্দ্বই ছিলোযুদ্ধের সব চাইতে বেশি মূল কারণ। আজও উন্মুক্ত দৃষ্টিতে দেখলে বুঝা যায় যে, অর্থনৈতিক ও সামাজিক মতানৈক্যর আড়ালে সংঘটিত যুদ্ধের প্রকৃত পটভূমি (বায়নাল মাযাহেব) দুই বা ততোদিক ধর্মের মাঝে আদর্শিক দ্বন্দ্বই হয়ে থাকে। বস্তুতঃ এই সমস্ত আদর্শিক দ্বন্দ্বসমূহের শিকড় অত্যন্ত গভীর হয়ে থাকে বিধায় এর কারণে সংঘটিত যুদ্ধসমূহও শতাব্দীতে বেষ্টিত হয়। এই সমস্ত যুদ্ধের মানসিক ও আধ্যাত্মিক দিকও অন্যান্যদ্বন্দ্বসমূহের কারণে সংঘটিতযুদ্ধসমূহের দিকগুলো হতে ভিন্নতর হয়ে থাকে। মুসলমানরা নবী করিম (সাঃ), খোলাফায়ে রাশেদীন (রাঃ) এর আমল এবং তাদের পরবর্তী শতাব্দীর শুরুতে কাফিরদের অঞ্চলগুলোতে যে সমস্ত হামলা চালানো হয়েছিলো এবং তার পরিপ্রেক্ষিতে যে বিজয় অর্জিত হয়েছিলো তার ভিত্তি আদর্শিক দ্বন্দ্বই ছিলো। এমনিভাবে ক্রুসেডার যুদ্ধসমূহের ভিত্তিও আদর্শিকই ছিলো।

❖চিন্তাধারার প্রার্থক্য

এই দ্বন্দ্বসমূহও এক দিক দিয়ে আদর্শিক দ্বন্দ্বেরই অন্তর্ভূক্ত কিন্তু আদর্শিক দ্বন্দ্বের অনুপাত হিসাবে এতে বেশি প্রসস্ত ও গভীরতা পাওয়া যায় না এবং অধিকাংশ এটা একটা সাময়িক ধ্যান-ধারনার ফলই হয়ে থাকে। এই দ্বন্দ্বের সূচনায় এর মিমাংসা সহজ হয়ে থাকে এবং অধিকাংশ সময় এই সমস্ত কলহসমূহ রাজনৈতিকভাবেনিস্পত্তি করে নেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে যুদ্ধের প্রয়োজন হয় না। কিন্তু এই পরিস্থিতি যদি বলবৎ থাকে তাহলে দ্বন্দ্বের নিস্পত্তি না হওয়ার কারণে এই দ্বন্দ্ব আদর্শিক দ্বন্দ্বে পরিণত হয়ে থাকে এবং অবশেষে এই দ্বন্দ্ব যুদ্ধে পরিণত হয়।
এই মতানৈক্যসমূহ দেশের কতিপয় আইন সম্পর্কে হতে পারে যাকে কোনো ব্যক্তি বা দল স্বীয় ক্ষতির কারণ অথবা নিজেদের আক্বিদার সাথে সংঘর্ষ মনে করে। এই সমস্ত দ্বন্দ্বসমূহ বেশিরভাগ আভ্যন্তরিন দ্বন্দ্বই হয়ে থাকে। এই সকল দ্বন্দ্ব দেশে বিশৃঙ্খলা সৃষ্টি করে পরে যা গৃহযুদ্ধে রূপান্তরিত হয়। উদাহরণস্বরূপ পাশ্চাত্যে গির্জা ও জমিদার প্রথার বিরুদ্ধে সেখানকার জনগণের বিদ্রোহকে বলা যেতে পারে।এক দিক দিয়ে পাকিস্তানের সেনাবাহিনী ও প্রশাসনিক কর্মকর্তাদের বিরুদ্ধে বলোচিস্তানের জনগণের যুদ্ধও প্রায় উপরোল্লেখিত যুদ্ধের মতোই।

❖ব্যক্তিগত অভিরুচি

এই ধরনের দ্বন্দ্বসমূহ বেশির ভাগ সেই সময় দেখা দেয় যখন দলগুলোর নিকট বড় ধরনের কোনো উদ্দেশ্য লক্ষ্য থাকে না বরং তাদের ছোট্ট খাটো উদ্দেশ্যের কারণে এই দলগুলো নিজেদের ব্যক্তিসত্তাকেই গুরুত্ব দিয়ে থাকে। এই ভাবে তারা নিজেদের পারস্পরিক দ্বন্দ্বের নিস্পত্তিতে সক্ষম হয় না। যার কারণে অবশেষে বিশৃঙ্খলার সৃষ্টি হয়।মানুষের মানুসিকতাই এ সব দ্বন্দ্বের মূল কারণ। উদাহরণ স্বরূপ কতিপয় লোক তাদের বিশেষ মনভাবের কারণে অন্যান্যপক্ষের লোকদের সাথে সাক্ষাৎবা যোগাযোগ করতে পছন্দ করে না। যার পরিপ্রেক্ষিতে ভূল বোঝাবোঝির সৃষ্টি হয়। এ থেকে নানা রকমের দ্বন্দ্ব জন্ম নেয়। এই ধরনের দ্বন্দ্ব সাধারনতঃ গোত্র অথবা ছোট্ট ছোট্ট

দলগুলোর মধ্যে লেগে থাকে। বড়ো বড়ো দেশ ও জাতীয় পর্যায়ে এই ধরনের দ্বন্দ্ব কমই পরিলক্ষিত হয়েছে। এই দ্বন্দ্বসমূহ এ কারণেও সৃষ্টি হতে পারে যে, দুই পক্ষের নেতৃত্ব পর্যায়ের ব্যক্তিরা একে অপরের সাথে কাজ করতে কষ্টবোধ করে এবং মনমানুসিকতার ভিন্নতার কারণে অথবা পরস্পর একে অপরকে উপলব্ধি না করার কারণে তাদের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি হয় যা আবার তাদের ব্যক্তিগত আওতায় সীমাবদ্ধ থাকে না বরং দু'দলের দ্বন্দ্বে পরিণত হয়। কিন্তু প্রথমে বলা হয়েছে যে, এই ধরনের দ্বন্দ্বসমূহ সাধারণতঃ ছোট্ট ছোট্ট ব্যাপারাধীতে পরিলক্ষিত হয়। কোনো বড়ো উদ্দেশ্য লক্ষ্য অর্জনের জন্য নয়।

❖*প্রত্যক্ষ বা আমলী দ্বন্দ্ব*

কোনো ছোট্ট অথবা কোনো বড়ো কার্য সম্পাদন কালে কাজের নীতি বা পদ্ধতি নির্ধারণে মতো পার্থক্য, উক্ত কর্মে অসহযোগিতাঅথবা উক্ত কাজে দায়িত্ব পালন না করায় এই সমস্ত মতবিরোধ সৃষ্টি হয়। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, প্রত্যক ব্যক্তি, প্রত্যক গোত্র, প্রত্যক জাতি এবং প্রত্যক সংগঠনের কাজ করার প্রদ্ধতি সাধারণতঃ অন্যদের থেকে ভিন্ন ধরনের হয়ে থাকে। কোনো এক দল একই ধরনের কাজকে কোনো এক পদ্ধতিতে করতে চায়আর অন্যদল সেই কাজকে অন্য কোনো পদ্ধতিতে করতে চায়। তাই এই কর্মপদ্ধতির ভিন্নতার দরুন অনেক সময় দ্বন্দ্বের কারণে পরিণত হয়। এমনিভাবে দু'দল পরস্পরে কোনো কাজে সহযোগিতা না করার কারণেও দ্বন্দ্বের কারণ হয়ে থাকে। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, যখন এক দল অন্য দলের নিকট বিপদে সাহায্য চায় অথবা তার ভূখন্ড ব্যবহার করার অনুমতি চায়কিন্তু দ্বিতীয় পক্ষ তাকে অনুমতি দিতে সম্মত হয় না। এই অসহযোগিতাই দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়। এমনিভাবে যদি একদল অন্য দলের সাথে পারম্ভে সহযোগিতা করার পর পিছটান দেয় তখনও এই ধরনের দ্বন্দ্বের সৃষ্টি হয়।দ্বন্দ্ব শুরু হওয়ার এটাও একটি দিক রয়েছে যে, দু'পক্ষ পরস্পর কতিপয় ব্যাপারে সন্ধি চুক্তিতে আবদ্ধ হওয়ার কারেণে উভয়ের প্রতি কিছু দায়িত্ব অর্পিত হয়েছে কিন্তু যখন

কোনো এক পক্ষ স্বীয় দায়িত্ব পালনে তৎপর হয় না তখন তা দ্বন্দ্বের কারণে পর্যবসিত হয়।

❖ সামাজিক কর্মতৎপরতার প্রার্থক্যের পরিপ্রেক্ষিতে দ্বন্দ্ব

প্রত্যেক সমাজের কোনো না কোনো নিজস্ব বৈশিষ্ট থাকে যা তার বিশেষ সামাজিক পটভূমি এবং ঐতিহ্যগত সামাজিক প্রথা ইত্যাদি হতে সৃষ্টি হয়।বিভিন্ন বৈশিষ্টের অধিকারী সমাজসমূহের পারস্পরিক আদান-প্রদান কালে এমন সামাজিক দ্বন্দ্ব সৃষ্টি হওয়ারপরিপূর্ণ সম্ভাবনাথাকে। কেননা একই কাজ কতক সময় এক সমাজে ভালো মনে করা হয়। অন্য সমাজে সেই কাজকে মন্দ বলে অভিহিত করা হয়, শুধু তাই নয় সেই কাজকে অপরাধ বলে আখ্যায়ীত করা হয়। অনুরূপএক সমাজের মধ্যেও তার ভিতরগত প্রথা ও বিশেষ ধ্যান-ধারণা বলবৎ থাকার কারণে সামাজিক দ্বন্দ্ব সৃষ্টি হয়। মান-সম্মানের নামে হত্যা এবং এর পরিপ্রেক্ষিতে জন্ম নেয়া দ্বন্দ্ব এমনিভাবে বিশেষ সামাজিকতার মাঝে আত্ম-গৌরবের বিশেষ পরিস্থিতি এবং নারীদের বিবাহ-ত্বালাকের ন্যায় সামাজিক দিকও দ্বন্দ্বের কারণ হয়ে থাকে। এ সব দ্বন্দ্বসমূহ কাবাইলী এবং পল্লি অঞ্চলে অহরহ বিদ্যমান রয়েছে।

❖ অর্থনৈতিক দ্বন্দ্ব

মানব সমাজে অর্থনৈতিক দ্বন্দ্ব পুরাতন কাল হতেই চলে আসছে। এই মতবিরোধ ও মতানৈক্য তিনটি বস্তুর চতুর দিকে ঘুরছে। প্রথমতঃ সেই অর্থনৈতিক উৎস যা মানব জীবনের জন্য প্রয়োজনীয় দৃষ্টান্ত স্বরূপ যেমন জল উৎস অথবা কৃষি বিষয়ক উৎসসমূহ। দ্বিতীয়তঃ সেই সমস্ত উৎসসমূহ যা কোনো দল বা মানুষের জন্য শক্তির কারণ হতে পারে উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যেমন খনিজ প্রদার্থ এবং অন্যান্য শক্তি যোগানোর উৎসসমূহ। তৃতীয়তঃ সেই সমস্ত নিরাপদ পথ যার মাধ্যমে দ্রব্য সামগ্রী মানুষের নিকট পৌছায় যাকে বানিজ্যিক পথও বলা হয়। তন্মধ্যে জলপথ বিশেষ গুরুত্বে অধিকারী। এই দ্বন্দ্ব সেই সময় জন্ম নেয় যখন দুই অথবা দুইয়ের অধিক পক্ষের জন্য দ্রব্য-সামগ্রী অর্জনের স্থান একই হয়ে থাকে। যখন এক পক্ষের

উৎসের ওপর অন্য পক্ষের দৃষ্টি নিক্ষিপ্ত হয়। পাকিস্তানে প্রদেশসমূহের মাঝে "কালাবাগ ডেম" এবং স্থল কেনাল" এর ঝগড়ার ভিত্তি অর্থনৈতিক দ্বন্দ্ব ছাড়া আর কিছুই নয়। ইরাকের ওপর আমেরিকার হামলা আক্বিদাগত বুনিয়াদের সাথে একটি গুরুত্বপূর্ণ ভিত্তিতার তেলের ওপর আধিপত্যবিস্তার করাও ছিলো।গরম পানি পর্যন্ত পৌছার ইচ্ছাই আফগানিস্তানে রাশিয়ার আগমনেরও একটি গুরুত্বপূর্ণ কারণ ছিলো। কতক সময় এই দ্বন্দ্ব এজন্যও জন্ম নেয় যে, এক দল বা এক জাতি যৌথভাবে কিছু সম্পদ ব্যবহার করতে ছিলো। অতপর কোনে রাজনৈতিক, কাবাইলী অথবা উত্তারাধিকারী পরিবর্তনের ফলে এই সম্পদ অন্যায়ভাবে বন্টন হয় অথবা কোনো এক পক্ষ সে নিজে নিজেকে সেই সম্পদের বেশি অধিকারী মনে করে। যার ফলে এক দ্বন্দ্ব জন্ম নেয় যার মূল কারণও অধিকাংশ সময় অর্থনৈতিক দ্বন্দ্বই হয়ে থাকে।সম্পদের অসুষ্ট বন্টনই কতক সময় বিভিন্ন রাষ্ট্রের মাঝে অর্থনৈতিক দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়।প্রথম বিশ্বযুদ্ধে জার্মানীর কয়লার খনি ফ্রান্সকে দেয়া হয়, অন্যদিকে জার্মানীকে কয়েক ভাগে ভাগ করে অন্যান্য দেশকে দেয়া হয়। এই বন্টনকে জার্মানী নিজের সাথে অন্যায় হয়েছে বলে আখ্যায়ীত করে এবং একে ভিত্তি করে 'হিট্লার' ক্ষমতায় আসে। যার ফলে এই দ্বন্দ্ব দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরিণত হয়। অনুরূপ সম্পদের অসুষ্ট বন্টন দেশের আভ্যন্তরীণদ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়।পাকিস্তানে জন্ম নেয়া দু'টি বড়ো দ্বন্দ্ব অর্থাৎ পূর্ব পাকিস্তান এবং বলুচিস্তানের সমস্যার একটি গুরুত্বপূর্ণ দিক সম্পদের অসুষ্ট বন্টনই ছিলো।এমনিভাবে ওয়াছতের অর্থাৎ অসুষ্ট বন্টনই অনেক পরিবার এবং কবিলার মাঝে অর্থনৈতিক দ্বন্দ্বের সৃষ্টি করে। এভাবে অর্থনৈতিক অসুষ্ট বন্টন জাতির মধ্যে বঞ্চিতের অনুভূতি জন্মায়। এই বঞ্চিতের অনুভূতি অনেক বার দ্বন্দ্ব হতে অগ্রসর হয়ে প্রত্যক্ষ যুদ্ধের আকার ধারণ করে।

❖*ভৌগলিক দ্বন্দ্ব*

এই দ্বন্দ্বসমূহের সাধারণতঃ দুইটি ভিত্তি হয়ে থাকে। প্রথমতঃ অর্থনৈতিক দ্বিতীয়তঃ প্রতিরক্ষামূলক। ভৌগলিক স্থান অধিকাংশ সময় বিশেষ অর্থ উপার্যনের জন্য

গুরুত্ববহ হয়ে থাকে। যেমন কোনো গুরুত্বপূর্ণস্থলপথ অথবা কোনো বানিজ্যিক সড়ক কিংবা কোনো সামদ্রীক বন্দরকে স্বীয় দখলে নেয়া, এমনিভাবে নদীর উৎসকে দখল করে নেয়া, নিরাপত্তার দিক দিয়ে কোনো গুরুত্বপূর্ণ পাহাড়ের চূড়াকে দখলে নেয়া অথবা শত্রুদের রসদ (মাল-পত্র) আনা নেয়ার পথে বাধা বিগ্ন সৃষ্টি করা অথবা শত্রুদের লক্ষ্যবস্তুকে স্থির করার জন্য তাদের বিশেষ অঞ্চলকে নিয়ন্ত্রণে নিয়ে আসা ইত্যাদি। সুইস খালের ঝগড়া এই প্রেক্ষাপটে বুঝা যেতে পারে। নদীর উৎস দখলের দ্বন্দ্বই কাশ্মীরের যুদ্ধেরও একটি গুরুত্বপূর্ণ ভিত্তি।নিরাপত্তার দিক দিয়ে গুরুত্ববহ ভৌগলিক স্থানের ওপর আধিপত্য কায়েম করার দ্বন্দ্বই পাকিস্তান ও ভারতের মাঝে 'সিয়াচীন গ্লিসার' এর যুদ্ধের কারণ।

❖*শক্তি অর্জনের ব্যাপারে দ্বন্দ্ব*

মানব ইতিহাস এমন দ্বন্দ্বসমূহে পরিপূর্ণ।যখন মানব দল ক্ষমতা দখলের জন্য পরস্পরে দ্বন্দ্বে লিপ্ত হয়। অতীতে শাহী বংশের রাজপুত্রদের আভ্যন্তরীণ যুদ্ধ, বিভিন্ন জাতি গোত্রের পারস্পরিক যুদ্ধ অথবা বিভিন্ন রাজা বাদশাহদের মাঝে পারস্পরিক যুদ্ধের ধরণ শক্তি অর্জনের কারণই ছিলো। আধুনিক বিশ্বেও এই ধরণের দ্বন্দ্ব কোনো না কোনো আকারে বিদ্যমান রয়েছে।আজকের রাজনৈতিক দলসমূহের লড়াইও শক্তি অর্জনেরই অন্তর্ভূক্ত। দেশ ও জাতির পর্যায়ের এই সমস্ত দ্বন্দ্বসমূহের ভিত্তিগুলোও অধিকাংশ আদর্শিক অথবা অর্থনৈতিক দ্বন্দ্বের সাথে জড়িত হয়ে থাকে। কিন্তু কোনো কোনো সময় কোনো বড়ো ধরনের উদ্দেশ্যকে উপেক্ষা করে দেশ বিজয়ের অভিলাষই উদ্দেশ্য হয়ে থাকে যা অন্যান্য পক্ষের সাথে দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়।

❖ *আত্মরক্ষা ও নিরাপত্তা প্রতিষ্ঠার ব্যাপারে দ্বন্দ্ব*

দেশ ও জাতি অথবা গোত্রসমূহের মাঝে নিজ নিজ আত্মরক্ষা অথবা সশস্ত্র অভিযানও দ্বন্দ্বের কারণ হয়ে থাকে। এক পক্ষ নিজের নিরাপত্তাকে শক্তিশালী করার জন্য বিশেষ ভৌগলিক স্থান দখল করার চেষ্টা করে যা দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়। নিজেদের নিরাপত্তার জন্য সশস্ত্র প্রস্তুতি সম্পর্কে অন্য পক্ষ কোনো কোনো সময়খারাপ ধারণা পোষণ করে যা দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়। পারমানবিক বোমা বানানোর প্রস্তুতি, আকাশ পথে রকেট নিক্ষেপ এবং বিশেষ ধরনের আধুকিন অস্ত্রের ক্রয় অথবা উৎপাদন এ সব কিছুই অধিকাংশ দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে, সাম্প্রতিক পারমানবিকঅস্ত্র তৈরির ব্যাপারে ইরান আমেরিকার মধ্যে দ্বন্দ্ব অথবা আকাশ পথে স্যাটালাইট প্রেরণ করার ব্যাপার নিয়ে আমেরিকা ও উত্তর কোরিয়ার মাঝে দ্বন্দ্ব চলছে।

❖ *প্রয়োজনীয় ব্যাখ্যা*

এখানে এ ব্যাখ্যা করাপ্রয়োজন যে,আমরা দ্বন্দ্বগুলোর সমস্ত প্রকারভেদযুদ্ধ শিল্পের চিন্তাধারা অনুযায়ী বিশ্লেষণ করলাম। এগুলো সেই সমস্ত দ্বন্দ্বসমূহ যা গতানুগতিকভাবে মানব সমাজে সংঘটিত হচ্ছে এবং মানব ইতিহাসেও অহরহ সংঘটিত হয়ে আসছে। বস্তুতঃ এই দ্বন্দ্বসমূহের মধ্যে শরীয়াহ অনুযায়ী কোনটি প্রশংসনীয় আর কোনটি অপ্রশংসনীয় এবং প্রতিটি দ্বন্দ্বে কে সত্যের ওপর প্রতিষ্ঠিত আর কে মিথ্যার ওপর। এ সবগুলো ফিকহুল জিহাদ অর্থাৎ জিহাদ বিষয়ক গভীর জ্ঞান সম্পর্কীত বস্তু। এর জন্য শরীয়াহ সম্পর্কে বিজ্ঞ আলেমদের নিকট প্রত্যাবর্তন করে তাদের থেকে ফতোয়াহ এবং শরয়ী দিকনির্দেশানা নিতে হবে। আমরা এখানে দ্বন্দ্বের যে সকল প্রকারভেদ বর্ণনা করলাম তা মুজাহিদীনদের কাজের ভিত্তি হতে পারবে না।তবে এই সমস্ত দ্বন্দ্বের প্রকারভেদের জ্ঞানআমাদেরকে আমাদের প্রতি কাফিরদের আক্রমণসম্পর্কে অথবা তাদের পরস্পরের বিরুদ্ধে যুদ্ধরত হওয়ার প্রকৃত

কারণ বুঝার এবং ভালোভাবে তাদের সাথে লড়াই করতে আমাদেরকে সাহায্য করবে।

❖ *দ্বন্দ্বের দলীয় প্রকারভেদ*

দ্বন্দ্বের দ্বিতীয় প্রকারকে মানব দলীয় ভিত্তিতে ভাগ করা যায়, অর্থাৎ দুই ব্যক্তির মাঝে দ্বন্দ্ব, দুই গোত্রের মাঝে দ্বন্দ্ব এবং দুই দেশের মাঝে দ্বন্দ্ব। আমরামানব দলীয় ভিত্তিতে ভাগ করার সময় দ্বন্দ্বের কারণসমূহের চাইতে বেশি দ্বন্দ্বে অংশগ্রহনকারী দলের প্রতি দৃষ্টি রাখবো যদিও এই সমস্ত দলীয় দ্বন্দ্বের পিছনেও কোনো না কোনো স্বচ্ছ কারণসমূহ নিহিত রয়েছে যেমনঃ দুই দেশের মধ্যে ভৌগলিক দ্বন্দ্ব অথবা দুই ব্যক্তির মাঝে অর্থনৈতিক দ্বন্দ্ব অথবা দুই জাতি বা দুই ধর্মের মাঝে আদর্শীক দ্বন্দ্ব ইত্যাদি।

দলীয় ভিত্তিতে যে দ্বন্দ্ব বাধে তা নিম্নোক্তভাবে ভাগ করা যেতে পারে।

(১) ব্যক্তিগত দ্বন্দ্ব

(২) গোত্রীয় দ্বন্দ্ব

(৩) জাতীয় বা ধর্মীয় দ্বন্দ্ব

(৪)রাষ্ট্রীয় দ্বন্দ্ব

নিম্নে দলীয় দ্বন্দ্বের প্রকারভেদগুলোকে বিস্তারিতভাবেবর্ণনা করা হলো।

❖ *(১) ব্যক্তিগত দ্বন্দ্ব*

যখন দুই অথবা দুইয়ের অধিক ব্যক্তি ব্যক্তিগতভাবে কোনো দ্বন্দ্বে লিপ্ত হবে তখন এই দ্বন্দ্বকে ব্যক্তিগত দ্বন্দ্ব বলে অভিহিত করা হয়।ব্যক্তিগত দ্বন্দ্ব সাধারণতঃ আর্থিক, সামাজিক অথবা ব্যক্তিগত আচার আচরণের সাথে সম্পর্কীত হয়ে থাকে।

❖ *(২) গোত্রীয় দ্বন্দ্ব*

গোত্রীয় দ্বন্দ্বও অধিকাংশ সময় অর্থনৈতিকই হয়ে থাকে উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, চাষ-আবাদের যোগ্য জমিন, পানি এবং পশুপালনের যোগ্য খেত-খামার নিয়ে দ্বন্দ্ব। এই সমূহদ্বন্দ্বে গোত্রীয় অহংকারই বেশি দেখা যায়। অধিকাংশ সময় এই সমস্ত দ্বন্দ্বকে গোত্রীয় প্রথা অনুযায়ী জীবিত রাখা হয়। অধিকাংশ গোত্রীয় দ্বন্দ্ব রাষ্ট্রীয় দ্বন্দ্বের মতই হয়ে থাকে। কাবাইলে আভ্যন্তরীন দ্বন্দ্বও পাওয়া যায়। এই সমস্ত দ্বন্দ্বসমূহ কখনো কখনো ব্যক্তিগত পর্যায়ে হয়ে থাকেঅথবা এর পরিপ্রেক্ষিতে ছোট্ট ছোট্ট দলের সৃষ্টি হয়।যদি এই সমস্ত দ্বন্দ্বের নিস্পত্তি না হয় তাহলে কাবাইল বা গোত্রে ফাটল ধরে এবং নতুন নতুন কাবাইলের রূপধারন করে অথবা গোত্রের নতুন শাখার উৎপত্তি ঘটায়। অধিকাংশ কোনো বড়ো কাবাইলের শাখা প্রশাখা এই পদ্ধতিতেই জন্ম নেয়। পরে এই শাখা নিজেই একটি স্থায়ী গোত্র হিসাবে অন্যান্য শাখা প্রশাখার সাথে আদান প্রদান করে।

❖ *(৩) জাতীয় বা ধর্মীয় দ্বন্দ্ব*

এই দ্বন্দ্বসমূহ অধিকাংশ আর্দশিক হয়ে থাকে। যার ফলে দুইটি ভিন্ন মতাদর্শে বিশ্বাসী জাতি পরস্পরের সাথে দ্বন্দ্বে লিপ্ত হয়। যেমন মুসলিম এবং ক্রুশেডারদের মাঝে কয়েক দশক ধরে সালিবী (ক্রুশেড) যুদ্ধ চলে আসছে। অনুরূপ কোনো কোনো সময় কোনো জাতিকে স্বীয় আদর্শ প্রচারের চেয়ে বেশি নিজের বাহাদুরী দেখানো এবং অন্য জাতিকে পরাভূত করার ইচ্ছাই জাতীয় দ্বন্দ্বের কারণ হয়ে থাকে।

❖ *(৪) রাষ্ট্রীয় পর্যায়ের দ্বন্দ্ব*

এই দ্বন্দ্বসমূহ কখনো আদর্শিক, কখনো অর্থনৈতিক ও ভৌগলিক আবার কখনো কখনো সামজিক হয়ে থাকে। ইংরেজদের আধিপত্যবাদী আমলের অবসান ঘটার পর প্রতিষ্ঠিত রাষ্ট্রসমূহের মাঝে ভৌগলিক ও অর্থনৈতিক দ্বন্দ্বই প্রচুর দেখা গেছে। দেশগুলোর অপ্রাকৃতিক বিভক্তির কারণে তাদের মাঝে জল ও স্থল, কৃষি এবং ঘনিজ সম্পদনিয়ে অর্থনৈতিক দ্বন্দ্বের সৃষ্টি করেছে।এমনিভাবে যদি প্রতিবেশী রাষ্ট্রসমূহের মাঝে শক্তির ভারসাম্য না থাকে তাহলে শক্তিশালী দেশ দুর্বল দেশের অর্থনৈতিক অথবা নিরাপত্তাবাহী ভৌগলিক স্থানকে দখল করে নিতে চেষ্টা করে যা ভৌগলিক দ্বন্দ্বের কারণ হয়ে দাঁড়ায়। এমনিভাবে যদি দুইটি প্রতিবেশী রাষ্ট্র ভিন্ন ভিন্ন আদর্শের অধিকারী হয় তাহলে পরস্পর একে অপরকে স্বীয় আদর্শের দ্বারা প্রভাব বিস্তার করতে চেষ্টা করে আর এ প্রচেষ্টাই আদর্শিক দ্বন্দ্বে পরিণত হয়। পাকিস্তান এবং ভারত এর মাঝে দ্বন্দ্বের প্রকৃতি বা ধরন অনুরূপ। এই সকল আধুনিক রাষ্ট্রেসমূহে আভ্যন্তরিন গোলযোগও প্রচুর দেখা যায়। কতিপয় দেশ একের অধিক জাতি বা গোত্র নিয়ে প্রতিষ্ঠিত। রাষ্ট্র অথবা রাষ্ট্রগত জাতিয়তাবাদের অকৃত্রিম এবং শরীয়ত বিরোধী চিন্তাধারা সেই সকল প্রাকৃতিক জাতি ও গোত্রকে জড়িত করতে পেরেছে আর না তাদের মধ্যে ভালোবাসা এবং ঐক্যমত সৃষ্টি করতে সক্ষম হয়েছে। ফলে একদিকে শক্তিশালী জাতি বা গোত্র অন্যদের অধিকার মারার চেষ্টা করে অপরদিকে অন্যান্য জাতি বা গোত্রের মাঝে বিবাদের ভিত্তি স্থাপন করেছে। পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মাঝে অথবা পাঞ্জাবী ও বলোচদের দ্বন্দ্বসমূহ এরই অনুরূপ।

❖ *সমস্যার সমাধান*

কাফিরদের আসকারী পারদর্শীরা সমস্যা সমাধানের কয়েকটি উপায় উল্লেখ করেছে এবং এ সব উপায়ের সারমর্ম হলো এই যে, এক পক্ষ অথবা উভয় পক্ষ নিজ নিজ মাকাসেদে উজমা বা উচ্চতর উদ্দেশ্যের কোনো না কোনো স্থানে অপর পক্ষের কিছু দাবী মেনে নিয়ে পরস্পরে চুক্তিতে আবদ্ধ হয়ে সমস্যার সমাধান করবে। দ্বিতীয়তঃ

দ্বন্দ্বের নিস্পত্তি হলো এই যে, উভয় পক্ষ পরস্পর একে অপরের সাথে মিলে যৌথভাবে উচ্চতর উদ্দেশ্য হাসিলের জন্য সন্ধিতে আবদ্ধ হয়ে দ্বন্দ্বের অবসান করবে। এটা তখনই সময় সম্ভব যখন উভয় পক্ষ একই মতাদর্শবা একই ধর্মের অধিকারী হবে এবং তাদের মাঝে ছোটখাট বোধগম্য ব্যাপার নিয়ে দ্বন্দ্বের সূচনা হয়েছিলো। তৃতীয়তঃ দ্বন্দ্বের মিমাংসা এই ভাবে হতে পারে যে, কোনো মধ্যবর্তী পথ অবলম্বন করতে হবে যাতে করে উভয় পক্ষের জন্য নিজ নিজ উদ্দেশ্য অথবা উদ্দেশ্য লক্ষের কোনো বড়ো অংশ অর্জন করার পথ বের হয়। এটাও তখনই সম্ভব যখন উভয় পক্ষের মাকসাদে উজ্মা এতো বেশি সাংঘর্ষিক ও বিপরিত মূখী না হয় যা কোনো প্রকারেই নিস্পত্তির যোগ্য নয়। কখনো কখনো দ্বন্দ্ব এতো বেশি প্রকট আকার ধারণ করে না যার প্রতি ভ্রূক্ষেপ না করলেই দ্বন্দ্বের অবসান ঘটে যায়। যদি উপরোক্ত পদ্ধতি মধ্য হতে কোনোটাই কাজে না আসে তাহলে উভয় পক্ষের মাঝে যুদ্ধের আশঙ্কা অনেক বেড়ে যায়। কাফিরদের নিকট সমস্যা সমাধানের কয়েকটি পদ্ধতি নিম্নে দেয়া হলো।

(১) (প্রতিপক্ষকে) জায়গা প্রদান করা।

(২)(প্রতিপক্ষের সাথে) মিলে মিশে কাজ করা।

(৩)(প্রতিপক্ষের সাথে) মধ্যবর্তী পন্থা অবলম্বন করা।

(৪) (দ্বন্দ্বের প্রতি) অমনোযোগী হওয়া।

(৫)(প্রতিপক্ষের সাথে) যুদ্ধে লিপ্তহওয়া।

❖ *প্রয়োজনীয় ব্যাখ্যা*

এখানেও কিছু কথা পরিস্কার করে দেয়া প্রয়োজন বলে মনে করছি তা হলো এই যে, কাফিররা যখন ইচ্ছা করবে তখন তারা উপরোক্ত সমস্যার সমাধান অনুযায়ী যে কোন পদ্ধতি অবলম্বন করে তাদের দ্বন্দ্বের মিমাংশা করে নিবে। কেনোনা তারা

সার্বজনীন ট্রোথ (সত্য) বা কোনো অহির পক্ষপাতী নয় যা খন্ডন করা তাদের পক্ষে সমীচীন নয়, তারা তো শুধুমাত্র স্বার্থের বশবর্তী হয়ে কাজ করে থাকে। এই সমস্ত পদ্ধতির জ্ঞান আমাদের থাকা এই জন্য প্রয়োজন যে, কাফিরদের সাথে যুদ্ধের সময় পূর্বেই যেনোআমরা এটা বুঝতে পারি যে, কাফিররা সমস্যা সমাধানের যে কোনো পদ্ধতি অবলম্বন করে দ্বন্দ্বের মিমাংশায় পৌছার চেষ্টা করতে পারে এবং অনেক ব্যাপার যা কোনো এক পর্যায়ে তর্কের উর্ধে ও বোধ শক্তির বাহিরে মনে হতো তা প্রয়োজনের খাতিরেতর্কবিতর্ক, সংলাপ এবং আদান প্রদানের মাধ্যমেআপোষ মিমাংশায় প্রস্তুত হতে পারে।কিন্তু মুসলিমদের ব্যাপারটা সম্পূর্ণ ভিন্ন। মুসলমানরা স্বীয় আভ্যন্তরীণদ্বন্দ্বসমূহ অথবা কাফিরদের সাথে নিজেদের সমস্যা সমাধানের জন্য স্বীয় মতামত, কিংবা স্বীয় অভিলাষ অথবা স্বার্থের দিকে প্রত্যাবর্তন করতে পারে না বরং তাদেরকে শরীয়তের দিকে দৃষ্টিপাত করতেহয়। অতপর শরীয়তই সমাধান দিবে যে, কে সত্যের ওপর প্রতিষ্ঠিত আর কে অসত্যের ওপর? এবং কোথায় যুদ্ধ করা আবশ্যক আর কোথায় চুক্তি করার প্রয়োজন? কোন ক্ষেত্রে বুদ্ধি-পরামর্শ চলবে আর কোন ক্ষেত্রে তা চলবে না? উদাহরণ স্বরূপ আল্লাহর কালেমাকে সমুন্নিতকরা এবং কুফরের অবসান ঘটানো এটা এমন একটা বিষয় যাতে কোনো ধরনের আদান প্রদান চলবে না আর না তাতে কোনো প্রকারের মধ্য পন্থা অবলম্বন করা যাবে। কাফিরদেরকে হয়তো বা ইসলাম গ্রহন করতে হবে কিংবা টেক্স প্রদান করে ছোট্ট হয়ে থাকতে হবে অথবা যুদ্ধের জন্য প্রস্তুত হতে হবে।এর বিপরীত মুসলিম বিদ্রোহীদের সাথে যুদ্ধে শরীয়তের আহ্কাম অনেকটা নমনীয় ও প্রসস্ত। বিদ্রোহীরা যদি আত্মসমর্পণ করে তাহলে তাদেরকে হত্যা করা যাবেনা। বিদ্রোহ চলা কালে যে সমস্ত কাজকর্ম তাদের দ্বারা সম্পাদিত হয়েছে তাতেওতাদের প্রতি কোনো আপত্তি করা যাবেনা।মোট কথা একজন মুসলিমকে স্বীয় সমস্যার সমাধানে একমাত্র শরীয়তের দিকেই প্রত্যাবর্তন করতে হবে।শরীয়ত যেভাবে তাকে আদেশ দিবে ঠিক সেইভাবেই সেসমাধান করবে, চাহে এ সমাধান তার নিজেরপার্থিব স্বার্থের প্রতি ক্ষতিকরই হোক না কেনো।

❖ যুদ্ধের সরঞ্জাম

পরিচিতি

যুদ্ধের প্রকৃত উদ্দেশ্য যুদ্ধের উচ্চতর উদ্দেশ্য লক্ষ্য অর্জনের পথে বাধা বিঘ্নকে দূরীভূত করা বা যুদ্ধের উচ্চতর উদ্দেশ্য লক্ষ্যের পথে প্রতিবন্ধকতাকে অপসারণ করা। যখন এক পক্ষ অন্য পক্ষের উচ্চতর উদ্দেশ্য লক্ষ্য অর্জনের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তখন বিরোধ সৃষ্টি হয় বা দন্দ জন্ম নেয়। যদি এই কলহের নিস্পত্তি সময়মত না হয় তাহলে তা যুদ্ধের কারণ হয়ে দাঁড়ায়। যুদ্ধের ময়দানে যুদ্ধ করা হয়, যুদ্ধ করার অস্ত্রপাতি বা সরঞ্জাম যুদ্ধক্ষেত্রের অনুসারে তৈয়ার করা হয় এবং তা তাতে ব্যবহার করা হয়। কিন্তু এই কথা স্মরণ রাখা দরকার যে, পুরাতন কাল হতে শুধুমাত্র সশস্ত্র ক্ষেত্রেই যুদ্ধ চলে আসছে না বরং রাজনৈতিক ময়দানেও অগণিত যুদ্ধ লিপ্ত হয়েছে। এমনিভাবে যুদ্ধ অর্থনৈতিক এবং দাওয়াতী ময়দানেও চলে আসছে। যদি কারোর মাথায় যুদ্ধের উদ্দেশ্য কিছু উচ্চতর লক্ষ্য উদ্দেশ্য সমূহের অর্জন হয় তা'হলে তার জন্য এই সমস্ত যুদ্ধের বিভিন্ন ময়দানকে বুঝতে অসুবিধা হওয়ার কথা নয় আর যদি কারোর মাথায় যুদ্ধের দ্বারা শুধুমাত্র মারামারি, কাটাকাটি, হাংগামা এবং রক্তপাতই উদ্দেশ্য হয়ে থাকে তা'হলে এ কথা হয়তো তার বুঝা আসবে না।

বস্তুতঃ পুরাতন কাল থেকেই দাওয়াতী, রাজনৈতিক, অর্থনৈতিক এবং সশস্ত্র এই চারটি ময়দানেই যুদ্ধ চলে আসছে। এই চারটি ময়দানে যুদ্ধ করার জন্য সশস্ত্র শক্তিকে সর্বদা দাওয়াতী, আসকারী বা সশস্ত্র, অর্থনৈতিক এবং রাজনৈতিক ময়দানে যুদ্ধের সরঞ্জাম এর প্রয়োজন হয়ে থাকে কেনোনা প্রত্যেক ময়দানে যুদ্ধ করার জন্য যুদ্ধক্ষেত্রের প্রয়োজন হয় এবং তারই অনুসারে সশস্ত্র শক্তি তৈরি করা হয়। এই শক্তিকে যুদ্ধক্ষেত্রের প্রয়োজন অনুযায়ী সকল প্রকারের জরুরী প্রশিক্ষণ দ্বারা অলঙ্কৃত

বাসজ্জিত করা হয়। যে কোনো যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করার জন্য এটা অত্যন্ত জরুরী যে, যুদ্ধের সরঞ্জাম যেনো ক্ষেত্র অনুযায়ী হয় এবং সে গুলোকে পরিকল্পিতভাবে সংগঠিত করে তাকে বিশেষ অনুপাতে ব্যবহার করা হয়।

অতপর যুদ্ধের ময়দান যদি কোনো ভিন্ন ধরনের হয় আর যুদ্ধের সরঞ্জাম তা থেকে ভিন্ন প্রকারের হয় তা'হলে এ সরঞ্জাম দ্বারা উপকৃত হওয়ার পরিবর্তে ক্ষতির সম্মূখিন হতে হবে। সশস্ত্র শক্তির প্রত্যেক সরঞ্জাম বা হাতিয়ার স্বীয় যুদ্ধের ময়দান অনুযায়ী যুদ্ধ করার সুশৃঙ্খল দক্ষতাসমূহ অর্থাৎ পদক্ষেপ (আকদাম/ হামলা) এবং প্রতিরক্ষা (দিফা'আ) এর দ্বারা পস্তুত থাকা উচিত। এ দু'টি দক্ষতা (আকদাম বা আক্রমণ এবং দিফা'আ বা প্রতিহত করার অথবা আত্মরক্ষার ক্ষমতা) অর্জনের জন্য যুদ্ধের সরঞ্জামে তিনটি মৌলিক সশস্ত্র ক্ষমতাসমূহ অর্থাৎ আঘাত হানা, অবস্থান পরিবর্তন করা এবং প্রতিরক্ষার ব্যবস্থা করা হয়। প্রত্যেক যুদ্ধের ময়দানে যুদ্ধ করার জন্য যথাযোগ্য অস্ত্রসশস্ত্রেরও নির্ধারণ করা হয়। যুদ্ধের ক্ষেত্র অনুযায়ী যুদ্ধে প্রশিক্ষণ এবং যুদ্ধের ক্ষেত্র অনুযায়ী অস্ত্রসশস্ত্রের উপস্থিতি এই দু'টির সমন্নয়ে কোনো আসকারী বা সশস্ত্র শক্তির মধ্যে আঘাত হানার, অবস্থান পরিবর্তন করার এবং প্রতিরক্ষার দক্ষতা সৃষ্টি করে। নিম্নে প্রত্যেক যুদ্ধের ময়দান অনুসারে যুদ্ধে ব্যবহত যুদ্ধের মৌলিক সরঞ্জামকে বিস্তারিত ভাবে বর্ণনা করা হলো।

(১) যুদ্ধের রাজনৈতিক সরঞ্জাম (২) যুদ্ধের অর্থনৈতিক সরঞ্জাম (৩) যুদ্ধের দাওয়াতী সরঞ্জাম(৪) যুদ্ধের আসকারী সরঞ্জাম

যুদ্ধের সরঞ্জাম এর বুনিয়াদী প্রকারভেদ তো উপরোল্লেখিত চারটিই কিন্তু এগুলোর প্রস্তুতিতে এবং নির্ণয়ে আরো কিছু সহায়তাকারী উপাদান এর প্রতি লক্ষ্য রাখাও আবশ্যক। উদাহরণ সরূপ বলা যেতে পারে যে, যখন দুই পক্ষের মাঝে এমন একটি বিরোধ বা দ্বন্দ্ব শুরু হয় যা যুদ্ধের কারণে পরিণত হতে পারতো কিন্তু তা এখনো যুদ্ধে পরিণত হয়নি তখন উচ্চতর উদ্দেশ্য লক্ষ্য হাসিল করার জন্য নিম্নবর্তী তিনটি

উপায় ও উপকরণ অবলম্বন করা যেতে পারে। এই উপায় ও উপকরণকে যুদ্ধের পদ্ধতি বা নিয়মাবলি বলা যেতে পারে।

(১) ত্রাস বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধ (War of awe)

(২) নিরাপত্তা বহনকারী যুদ্ধ (War of pre-empt)

(৩) সমযোগ্যতা সম্পূর্ণ বিশিষ্ট যুদ্ধ (War of equality)

(১) ত্রাস বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধ (War of awe)

ত্রাস সৃষ্টিকারী অর্থাৎ ভীতসন্ত্রস্তকারী বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধের অর্থ হলো এই যে, দ্বন্দ্ব যুদ্ধে রুপান্তরিত হওয়ার আগেই যুদ্ধের প্রস্তুতির ব্যাপারে এমন কিছু পদক্ষেপ নেয়া যার দ্বারা শত্রুরা ভীত সন্ত্রস্ত হয়ে যুদ্ধ স্থকিত করতে বাদ্য হয়।

(২) নিরাপত্তা বহনকারী যুদ্ধ (War of pre-empt)

শত্রুদেরকে যুদ্ধের প্রস্তুতি নেয়ার সুযোগ না দিয়ে তাদের ওপর অতর্কিত আক্রমণ করা এর মাধ্যমে শত্রুদের অমনোযোগিতা হতে উপকৃত হয়ে তাদেরকে প্রচুর ক্ষতির সম্মুখিন করা যাতে তাদের যুদ্ধে ইচ্ছা শেষ হয়ে যায়। একেই নিরাপত্তাবহনকারী যুদ্ধ বলা হয়।

(৩) সমযোগ্যতা সম্পূর্ণ বিশিষ্ট যুদ্ধ (War of equality)

যুদ্ধের সূচনাতেই যদি শত্রুপক্ষ সচেতন হয়ে তারা সমস্ত শক্তি নিয়ে যুদ্ধের ময়দানে অবতরণ করে এবং লড়াই করতে বাধ্য করে তাহলে এই ধরনের যুদ্ধকে সমবাদী যুদ্ধ বা (War of equality)বলা হয়।

উপরোক্ত এই তিনটি পদ্ধতির যুদ্ধে ভিন্ন ধরনের যুদ্ধের সরঞ্জাম ব্যবহার হয়ে থাকে। অতএব যে কোনো যুদ্ধের জন্য তার উপাদানকে সামনে রেখে যুদ্ধের সরঞ্জাম প্রস্তুত করা এবং তার নির্বাচন করা প্রয়োজন।

যখন কোনো যুদ্ধের ফিল্ডে যুদ্ধ করা হয় তখন যুদ্ধ কার্যকর হওয়ার দিক দিয়ে যুদ্ধে নিম্নলিখিত দুইটি মৌলিক কার্যতৎপরতা সংঘটিত হয়।

(১) আক্বদাম বা পদক্ষেপ।

(২) দিফা'আ বা আত্মরক্ষা।

(১) আক্বদাম বা পদক্ষেপ।

শত্রুদেরকে পরাজিত করার জন্য অথবা তাদের মধ্যে বিপর্যয় বা প্রতিবন্ধকতা সৃষ্টি করার জন্য যে পদক্ষেপ নেয়া হয় তাকে আক্বদাম বা পদক্ষেপ বলা হয়।

❖ *(২) দিফা'আ বা আত্মরক্ষা।*

শত্রুদের হামলা থেকে নিজেদেরকে রক্ষা করার জন্য যে ব্যবস্থা গ্রহন করা হয় তাকে দিফাহ বা প্রতিরক্ষা বলা হয়। অতএব প্রত্যেক যুদ্ধক্ষেত্রের সরঞ্জামে পদক্ষেপ এবং প্রতিরক্ষার এই দু'টি যোগ্যতা থাকা প্রয়োজন। এই সরঞ্জামকে (পদক্ষেপ এবং প্রতিরক্ষাকে) সেই সকল প্রয়োজনীয় মৌলিক দক্ষতার সাথে প্রস্তুত করা এবং সেই সরঞ্জামের (পদক্ষেপ এবং প্রতিরক্ষা) সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রশিক্ষণ দেয়াকে যুদ্ধের প্রস্তুতি বলা হয়। এছাড়া যুদ্ধের সরঞ্জাম সম্পর্কে প্রস্তুতি এবং তার নির্বাচনে যুদ্ধের উদ্দেশ্য লক্ষও দৃষ্টি রাখতে হবে।

অতপর যুদ্ধের সরঞ্জাম সম্পর্কে প্রস্তুতি এবং তার নির্বাচনে নিম্নবর্তী চারটি উপকরণের প্রতিও দৃষ্টি রাখতে হবে।

(১) মাকসাদে জং বা যুদ্ধের উদ্দেশ্য লক্ষের প্রতি।

(২) যুদ্ধের প্রদ্ধতির প্রতি [ত্রাস, নিরাপত্তা এবং সমযোগ্যতা যুদ্ধের প্রতি]।

(৩) যুদ্ধের ময়দানের প্রতি [দাওয়াতী দিক, রাজনৈতিদিক, অর্থনৈতিক দিক এবং যুদ্ধের আসকারী দিক]

(৪) যুদ্ধের তৎপরতার প্রতি [পদক্ষেপ ও আত্মরক্ষা]

যুদ্ধের সরঞ্জামের সাথে এই চারটি উপকরণের কি সম্পর্ক তার বিস্তারিত অলোচনা নিম্নে পদত্ত হলো।

(১) যুদ্ধের সরঞ্জাম এবং মাকসাদে জং বা যুদ্ধের উদ্দেশ্য ও লক্ষ্য

যুদ্ধের সরঞ্জাম সম্পর্কিত প্রস্তুতি এবং সরঞ্জামের নির্বাচনের প্রতি যুদ্ধের উদ্দেশ্য ও লক্ষ সরাসরি প্রভাবিত হয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, যদি মুজাহিদীনদের জিহাদ মুসলিম জণগনের ওপর চেপে বসা মুরতাদ শাসকদের বিরুদ্ধে হয় অথবা কোনো একটি অত্যাচারী শাসককে ক্ষমতাচ্যুত করার নিমিত্তে হয় তাহলে আসকারী আলাত বা সশস্ত্র শক্তির চেয়ে বেশি রাজনৈতিক শক্তি ব্যবহার করতে হবে।

যুদ্ধের উদ্দেশ্য ও লক্ষ হতে এই কথা নির্ধারিত হয় যে, কোন ময়দানের যুদ্ধকে অথবা কোন যুদ্ধের সরঞ্জামকে কতটুকু গুরুত্ব দিতে হবে এবং কোন সরঞ্জামের জন্য আত্মরক্ষা ও কোনটির জন্য পদক্ষেপ নেয়ার কর্মপন্থা অবলম্বন করতে হবে। এরই ভিত্তিতে যুদ্ধ চলা কালে প্রয়োজনীয় সরঞ্জামের ব্যবস্থা নেয়া হয়। যুদ্ধের উদ্দেশ ও লক্ষ, যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের কর্মপন্থা (পদক্ষেপ ও প্রতিরক্ষা) এর নির্ধারণের পর প্রত্যেক যুদ্ধ ক্ষেত্র অনুযায়ী যুদ্ধের ময়দানের সরঞ্জামের[১] নির্বাচন একটি জটিল ব্যাপার হয়ে দাঁড়ায় যা যুদ্ধের অভিজ্ঞ ব্যক্তিদের কাজ। এ ব্যাপারে এটা দেখা হয় যে, কোন পদ্ধতিকে, কোন সম্পদকে অথবা কোন অস্ত্রসশস্ত্র ও কোন সরঞ্জামকে পদক্ষেপ এবং প্রতিরক্ষা অথবা আঘাত, সামরিক তৎপরতা এবং আত্মরক্ষার মৌলিক দক্ষতার দ্বারা সজ্জিত করা যায়।

---

[১] 'আলাতে ময়দান বা যুদ্ধের ময়দানের সাজ-সরঞ্জাম' 'আলাতে হরব বা যুদ্ধের সাজ-সরঞ্জাম' এর মধ্যে সামান্য পার্থক্য রয়েছে। যুদ্ধের সরঞ্জাম হলো চারটি যা আমরা পূর্বে উল্লেখ করেছি অর্থাৎ যুদ্ধের রাজনৈতিক সরঞ্জাম, যুদ্ধের অর্থনৈতিক সরঞ্জাম, যুদ্ধের দাওয়াতী সরঞ্জাম এবং যুদ্ধের আসকারী সরঞ্জাম কিন্তু উল্লেখিত প্রত্যেকটি সরঞ্জামের অধিনে যুদ্ধের ময়দানের কিছু প্রত্যক্ষ সরঞ্জাম ব্যবহার হয় যেমন আসকারী সরঞ্জামের অধিনে যুদ্ধ চলা কালে ক্লাশন, পিকা, রকেট ব্যবহার হয় এ সব যুদ্ধের ময়দানের সরঞ্জাম। এমনিভাবে যুদ্ধের দাওয়াতী সরঞ্জামের অধিনে যে সমস্ত সিডি, ওয়েব সাইট, কেসেট ও হেন্ডবিল ব্যবহার হয় এ সবই যুদ্ধের দাওয়াতী সরঞ্জামের অন্তর্ভূক্ত।

(২) যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের পদ্ধতির [ত্রাস, নিরাপত্তা এবং সমযোগ্যতার দিক দিয়ে]।

যুদ্ধের সরঞ্জামের নির্বাচনে যুদ্ধের পদ্ধতি অত্যন্ত গুরুত্ববহ। ত্রাস সৃষ্টিকারীর [War of awe] নীতিমালাতে সেই সকল যুদ্ধের সরঞ্জাম ব্যবহার হতে পারে যাতে এমন ক্ষমতা থাকা দরকার যে, শত্রু ভীত-সন্ত্রস্ত হয়ে যেনো স্বীয় যুদ্ধের ইচ্ছা ছেড়ে দেয়। এমনিভাবে শত্রুদেরকে সতর্কতা অবলম্বন করার আগেই আক্রমণের যে পদ্ধতি [pre emption] প্রচলিত রয়েছে তাতে সেই যুদ্ধের সরঞ্জাম ব্যবহার হবে যাতে দ্রুত পদক্ষেপ নেয়ার দক্ষতা আছে। পক্ষান্তরে যুদ্ধের সমবাদী পদ্ধতিতে [War of equality] যুদ্ধের সেই সমস্ত সরঞ্জাম সুশৃঙ্খলভাবে ব্যবহার হবে যাতে তারা পদক্ষেপ ও প্রতিরক্ষা উভয়ের প্রতি দক্ষ হয়।

নিম্নে যুদ্ধের সরঞ্জামের নির্বাচনের প্রতি তিন প্রকারের যুদ্ধের পদ্ধতির প্রভাব বিস্তারিতভাবে আলোচিত হলো।

(১) যুদ্ধের সরঞ্জাম এবং ত্রাস বা আতঙ্ক সৃষ্টিকারী যুদ্ধ (War of awe)

শত্রুদের লড়াই করার ইচ্ছাকে নস্যাৎ করার জন্য উভয় পক্ষ এটাই চায় যে, প্রতিপক্ষ লড়াই করা ছাড়াই যুদ্ধ হতে বিরত থাকুক এবং আমাদের কথা মানতে বাধ্য হোক। কিন্তু এটা কেমন করে সম্ভব? এটা শুধুমাত্র এই ভাবে সম্ভব যে, কোনো একপক্ষের মধ্যে প্রতিপক্ষকে এটা বুঝানোর দক্ষতা বিদ্যমান থাকতে হবে যে, এই যুদ্ধে যা কিছু তুমি অর্জন করতে চাচ্ছো তার চেয়ে বেশি তোমাকে ক্ষতির সম্মুখিন হতে হবে। শত্রুদেরকে বুঝানোর এই দক্ষতাকে ত্রাস সৃষ্টির ক্ষমতা বলে আখ্যায়ীত করা হয়। ত্রাস সৃষ্টি করার জন্য সাধারণতঃ আলাপ আলোচনা এবং রাজনৈতিক সংলাপের মাধ্যমে রাজনৈতিক ময়দান ব্যবহার করে কাজ নেয়া হয়। এরই মাধ্যমে

শত্রুদেরকে স্বীয় সমর্থক হতে পৃথক করা হয় যা শত্রুদের জন্য রাজনৈতিক দুর্বলতার কারণ হয়ে দাড়ায়। দ্বিতীয় পদ্ধতি হলো এই যে, সমাজে শত্রুদের সামাজিক সমর্থক নস্যাৎ করা হয়। এতে শত্রুদের উচ্চতর উদ্দেশ ও লক্ষ্য এবং চারিত্রীক দিককে মিথ্যা পতিপন্ন করা হয়। তৃতীয় স্তর হলো এই যে, শত্রুদের প্রতি এমন অর্থনৈতিক নিষেদাজ্ঞা অর্পন করা হয় যার পরিপ্রেক্ষিতে তাদের আমদানী ও রফতানীর ওপর প্রভাব পড়ে। চতুর্থ দাপে শত্রুদেরকে এমন সব আসকারী শক্তির মাধ্যমে অথবা এমন সব অস্ত্রশস্ত্র দ্বারা ভয় প্রদর্শন করা হয় যার মাধ্যমে তাদের অনেক ক্ষতি হওয়ার আশঙ্কা বেড়ে যায়। অতএব ত্রাস সৃষ্টি করার জন্য রাজনৈতিক ক্ষেত্র, অর্থনৈতিক ময়দান এবং সশস্ত্র সরঞ্জাম অর্থাৎ আসকারী শক্তি এমন ভাবে ব্যবহার করা হয় যা শত্রুদেরকে যুদ্ধের মাঠে অবতণের পূর্বেই পরাজয় বরণের ভয়ে ভীত করে তুলে।

(২) যুদ্ধের সরঞ্জাম এবং অগ্রনিরাপত্তাবাহী যুদ্ধ (War of pre-emption)

যদি ত্রাস সৃষ্টি করার দক্ষতা কাজে না আসে তাহলে সশস্ত্র সরঞ্জাম অর্থাৎ আসকারী শক্তিতে এমন ক্ষমতা থাকা উচিৎ যে,সশস্ত্র শক্তি যুদ্ধের মাঠে অবতরণ করে প্রথমেই হামলা করে বসবে অথবা এমন কৌশল অবলম্বন করবে যাতে শত্রুপক্ষ স্বীয় উদ্দেশ্য অর্জন করা হতে বিরত হয়। এই অবস্থাকে অগ্রনিরাপত্তাবাহী যুদ্ধ (Warof pre-emption)বলে। এমতাবস্থায় যুদ্ধের সরঞ্জামকে পদক্ষেপ নেয়ার ভিত্তিতে দ্রুত ব্যবহার করা হয়।

(৩) যুদ্ধের সরঞ্জাম এবং সমবাদী যুদ্ধ (War of equality)

যদি যুদ্ধ শুরু হওয়ার পূবেই শত্রুপক্ষও যুদ্ধর জন্য প্রস্তুত হয় এবং যুদ্ধের সূচনাতেই লড়াই করার জন্য প্রস্তুত হয়ে যায় তাহলে একে সমবাদী যুদ্ধ (War of equality) বলা হয়। এমতাবস্থায় যুদ্ধ দীর্ঘ আকার ধারন করতে পারে। বিধায় যুদ্ধের সরঞ্জামকে এমনভাবে ব্যবহার করতে হবে যা দীর্ঘস্থায়ী যুদ্ধের জন্য যথার্থ হয়। এই যুদ্ধে প্রায় সব ধরনের যুদ্ধের সরঞ্জাম ব্যবহার হয়ে থাকে এবং পরিস্থিতি অনুযায়ী বিভিন্ন সরঞ্জামকে পদক্ষেপ ও প্রতিরক্ষার ভিত্তিতে ব্যবহার করা হয়।

❖ *যুদ্ধের সরঞ্জাম এবং যুদ্ধের ময়দান*

যুদ্ধের সরঞ্জামকে সংগঠিত করা এবং একে শ্রেনীবিন্যাসে সজ্জিত করার প্রতি যুদ্ধ ক্ষেত্রের ধরন প্রভাবিত হয়। যুদ্ধের সকল প্রকারের সরঞ্জাম নিজ নিজ সম্পর্কিত যুদ্ধ ক্ষেত্রেই ব্যবহার হয়ে থাকে। বিধায় যুদ্ধের সরঞ্জাম যুদ্ধের ময়দান অনুযায়ী হওয়া আবশ্যক। যুদ্ধ চলা কালে যুদ্ধের উদ্দেশ্য ও লক্ষ্যকে সম্মুখে রেখে প্রত্যেক যুদ্ধ ক্ষেত্রে যুদ্ধ করা হয় এবং প্রত্যেক ময়দানে শত্রুদের বিরুদ্ধে (যুদ্ধাদেরকে) সংঘটিত করা হয়। প্রত্যেক ময়দানে (যুদ্ধাদেরকে) সংঘটিত করার মধ্যে পদক্ষেপ (হামলা করার দক্ষতা) এবং প্রতিহত (আত্মরক্ষার দক্ষতা) উভয় প্রকার দক্ষতা থাকা আবশ্যক। কেনোনা এক যুদ্ধ ক্ষেত্রের সরঞ্জাম অন্য যুদ্ধ ক্ষেত্রে ব্যবহার হতে পারে না যদিও এগুলো একে অপরের সহায়ক হতে পারে।

নিম্নে যুদ্ধের সরঞ্জামের নির্বাচনে চার প্রকারের যুদ্ধ ক্ষেত্রের প্রভাব বিস্তারিতভাবে বর্ণনা করা হলো।

(১) যুদ্ধের সরঞ্জাম এবং দাওয়াতী ময়দান

যুদ্ধে সকল পক্ষ স্বীয় উচ্চতর উদ্দেশ্য ও লক্ষ্য হাসিল করার জন্য জনগণের সমর্থন অর্জনের নিমিত্তে দাওয়াতী ময়দানে কাজ করে থাকে। সকল আসকারী শক্তি বা সশস্ত্র শক্তিরা দাওয়াতী ময়দানে দাওয়াতী কাজ সংগঠিত করার জন্য দাওয়াতী শাখা কায়েম করে যার উদ্দেশ্য এই ময়দানে লড়াই করা হয়ে থাকে। যুদ্ধ চলা কালে এই

শাখাই সবচেয়ে গুরুত্ববহ শাখা হিসাবে পরিগণিত হয়। এই শাখা একদিকে অন্যান্য শাখাগুলোর সাহায্য করে অপরদিকে রাজনৈতিক শাখার সাথে জড়িত হয়ে যুদ্ধের অনেক উদ্দেশ ও লক্ষকে সম্পাদন করে। যেহেতু এই শাখার কাজ সমাজে সম্পাদিত হয়ে থাকে বিধায় সমাজ হতে অর্জিত বেশিভাগ অর্থ এ শাখার মাধ্যমেই হাসিল হয়।

এ শাখার কতিপয় গুরুত্বপূর্ণ লাভজনক দিক নিম্নে পদত্ত হলোঃ

(১) জনশক্তির প্রদান।

(২) অর্থ-সম্পদের সঞ্চয়।

(৩) রাজনৈতিক ও দাওয়াতী শাখাসমূহের সাহায্য।

(৪) যুদ্ধের পক্ষে অথবা যুদ্ধের বিপক্ষে আন্দোলন সংগঠিত করা।

(৫) গোরিলা যুদ্ধে গরিলাদের আশ্রয়স্থলের ব্যবস্থা করা।

এই শাখা অথবা এই ময়দানের ভিতরগত সরঞ্জাম ভিন্নতর হয়ে থাকে। ব্যক্তিগত সাক্ষাৎ, বিবৃতি, বক্তিতা, আলোচনা সভা, তর্কবিতর্কের অনুষ্ঠান অনুষ্ঠিত করা, গ্রন্থ লিখা ও তা পাবলিশ করা, হেন্ডবিল বিতরণ করা, পুস্তক প্রনয়ণ, ইলেক্ট্রোনিক মিডিয়ার মাধ্যমে ফ্লিম এবং ভিডিও বিবৃতি ইত্যাদি এর অন্তর্ভূক্ত রয়েছে। দাওয়াতী ময়দানে সফলতা অর্জন যুদ্ধের বিজয়ের জন্য অত্যন্ত গুরুত্ববহ। উদাহরণ স্বরূপ বলা যায় যে, তাতার আসকারী ময়দানে বিজয় হওয়া সত্যেও দাওয়াতী ময়দানে পরাভূত হয়ে মসলমান হয়। অনুরূপ দাওয়াতের প্রসারতাই দক্ষিণ পূর্ব এশিয়া এবং পশ্চিম আফ্রিকায় ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার মাধ্যম হিসাবে পরিগণিত হয়ে ছিলো।

(২) যুদ্ধের সরঞ্জাম এবং রাজনৈতিক ময়দান।

রাজনৈতিক ময়দানে কর্মরত কর্মীবাহিনী আসকারী শক্তির রাজনৈতিক শাখা বলা হয়। রাজনৈতিক ও দাওয়াতী শাখার কাজের মধ্যে কোনো মৌলিক প্রার্থক্য নেই। রাজনৈতিক শাখা দাওয়াতকে রাজনৈতিকভাবে উপস্থাপন করারই নামান্তর মাত্র। কিন্তু রাজনৈতিক শাখার কাজের ধরন দাওয়াতী কাজের তুলনায় অত্যন্ত তীব্র হয়ে থাকে। এছাড়া রাজনৈতিক শাখা দাওয়াতী কাজকে ফলপ্রসু করে তুলা এবং তার দ্বারা উচ্চতর উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের পথ সুগম করা হয়। রাজনৈতিক শাখার উদ্দেশ্য হলো এই যে, স্বীয় শত্রুর সংখ্যা কম করা, সমর্থকদের সংখ্যা বৃদ্ধি করা এবং সমর্থকদেরকে রাজনৈতিকভাবে কর্মসূচীতে একত্রিত করা। কোনো কোনো সময় রাজনৈতিক শাখা একাই শত্রুদের যুদ্ধের ইচ্ছাকে নস্যাৎ করে ফেলে। ইতিহাসের পাতায় অনেক সময় এরূপ হয়েছে যে, কোনো শত্রু অন্যের ওপর আক্রমণ করে বসেছে তখন রাজনৈতিক শাখা অন্য কোনো শক্তিকে নিজের সাথে জড়িত করে নেয় যার পরিপ্রেক্ষিতে শত্রুদের লড়াই করা সাহস শেষ হয়ে গেছে। অথবা এমনও হয়েছে যে রাজনৈতিক শাখা শত্রুদের কোনো মিত্রকে তাদের থেকে পৃথক করতে সফল হয়েছে পরিপ্রেক্ষিতে শত্রুদের লড়াইয়ের সাহস নস্যাৎ হয়ে পড়েছে। এর উদাহরণ হলো এই যে, খন্দকের যুদ্ধে ইহুদী ও মুশরিকদের সেনাবাহিনীর মাঝে ফাটল সৃষ্টিতে সফলতা অর্জন। অনুরূপ শস্যের কিয়দংশ দিয়ে ‘গাতফান’ গোত্রকে পৃথক করার চেষ্টা। এমনিভাবে আবু তালেবের ব্যক্তিত্ব নবী (সঃ) এর জন্য রাজনৈতিক প্রতিরক্ষার কাজ করেছে। পক্ষান্তরে হযরত সা’আদ বিন ময়াজ (রাঃ) কে ইসলামের দিকে ধাবিত করার চেষ্টাতেও একটি রাজনৈতিক দিক জড়িত ছিলো কেনোনা তার ইসলাম গ্রহন তার গোত্রের লোকদের ইসলাম কবুল করার সহায়ক হওয়ার সম্ভাবনা ছিলো এবং প্রত্যক্ষভাবে পরে তাই হয়েছে।

(৩)যুদ্ধের সরঞ্জাম এবং অর্থনৈতিক ময়দান

পুরাতন কাল হতেই যুদ্ধরত প্রত্যেক দল নিজেদের অর্থনৈকিত ব্যবস্থাকে নিরাপদ এবং শত্রুদের অর্থনৈতিক ব্যবস্থা ধ্বংস করাকে অগ্রগণ্য বিষয় মনে করতো। আধুনিক যোগেও যুদ্ধের অর্থনৈতিক শাখা অত্যন্ত গুরুত্বপূর্ন বলে অভিহিত করা হয়। পাশ্চাত্যরা অর্থনৈতিক নিষেধাজ্ঞা সহ অন্যান্য পন্থা অবলম্বন করে এই শাখাকে প্রত্যেক্ষভাবে একটি সশস্ত্র হাতিয়ার হিসাবে ব্যবহার করছে। অর্থনৈতিক হাতিয়ারকে নিম্নবর্তী পদ্ধতিতে ব্যবহার করা হয়।

- কোম্পানীসমূহকে শত্রুদের নিকট প্রয়োজনীয় দ্রব্যাদি রপ্তানী করকে নিষেধ করা হয়।
- ব্যাংকসমূহকে অর্থ প্রদান করা হতে বিরত রাখা হয়।
- মুদ্রাস্ফীতির মাধ্যমে দ্রব্যের মূল্য বৃদ্ধি করা হয়।
- স্বীয় মিত্রদেশের মুদ্রাকে কৃত্রিম উপায় অবলম্বন করে শক্তিশালী করা হয়।
- দেশের সকল পথ তথা স্থলপথ, জলপথ (সামুদ্রিক পথ) এবং আকাশ পথের (বিমান পথের) মাধ্যমে দ্রব্যাদি আমদানি করা হতে বিরত রাখা হয়।
- এমনিভাবে জলপথ, স্থলপথ এবং আকাশ পথের মাধ্যমে রপ্তানীর ওপরও নিষেধাজ্ঞা জারি করা হয়।

মক্কার কাফিরদের পক্ষ হতে নবী (সঃ) কে শা'আবে আবি তালেবে কারারুদ্ধ এবং সামাজিক বয়কট একটি অর্থনৈতিক হামলা ছিলো। ইরাকের প্রতি আমেরিকার অর্থনৈতিক নিষেধাজ্ঞাও এরই উদাহরণ। ইসরাঈলের পক্ষ হতে ফিলিস্তীনে গাজার মুসলমানদের প্রতি অর্থনৈতিক নিষেধাজ্ঞা, বোসনিয়ার ওপর সার্বিয়ার আক্রমণের সময় বোসনিয়ার মুসলিমদের নিকট অস্ত্র পৌছানোর প্রতি নিষেধাজ্ঞা এবং আফগানিস্তানের ধ্বংসপ্রাপ্ত অর্থনীতিকে কৃত্রিম উপায়ে প্রতিষ্ঠিত করার আমেরিকার প্রচেষ্টা এ সবই অথনৈতিক হামলারই অন্তভূক্তের উদাহরণ বই আর কিছু নয়।

(৪)যুদ্ধের সরঞ্জাম এবং আসকারী ময়দান

